# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪০১৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬০৭]

২৩। মুসাকাহ (পানি সেচের বিনিময়ে ফসলের একটি অংশ প্রদান) (كتاب المساقاة)

পরিচ্ছেদঃ ২৭. বেচাকেনায় কসম খাওয়ার প্রতি নিষেধাজ্ঞা

باب النَّهْىِ عَنِ الْحَلِفِ، فِي الْبَيْعِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَأَبُو كُرَيْبٍ وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ ـ وَاللَّفْظُ لاِبْنِ أَبِي شَيْبَةَ ـ قَالَ إِسْحَاقُ أَخْبَرَنَا وَقَالَ الآخَرَانِ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنِ الْوَلِيدِ بْنِ كَثِيرٍ، عَنْ مَعْبَدِ بْنِ كَعْبِ بْنِ مَالِكٍ، عَنْ أَبِي قَتَادَةَ الأَنْصَارِيِّ، أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِيَّاكُمْ وَكَثْرَةَ الْحَلِفِ فِي الْبَيْعِ فَإِنَّهُ يُنَفِّقُ ثُمَّ يَمْحَقُ " .

বাংলা

৪০১৮-(১৩২/১৬০৭) আবূ বকর ইবনু আবূ শাইবাহ, আবূ কুরায়ব ও ইসহাক ইবনু ইব্রাহীম (রহঃ) ..... আবূ কাতাদাহ্ আনসারী (রাযিঃ) হতে বর্ণিত। তিনি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেন যে, তোমরা বিরত থাকো ব্যবসায়ের মধ্যে অধিক কসম খাওয়া থেকে। কেননা সেটা পণ্য বিক্রয়ে সহায়তা করে কিন্তু বারাকাত বিনষ্ট করে করে দেয়। (ইসলামিক ফাউন্ডেশন ৩৯৮১, ইসলামিক সেন্টার ৩৯৮০)

## English

Abu Qatada al-Ansari (Allah be pleased with him) reported he heard Allah's Messenger (ﷺ) say:
Beware of swearing; it produces a ready sale for a commodity, but blots out the blessing.

হাদিসের শিক্ষা

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। এই হাদীসটির দ্বারা প্রমাণিত হয় যে, ক্রয় বিক্রয় সংক্রান্তে অকারণে ও বিনা প্রয়োজনে কসম খাওয়া অবৈধ

বা হারাম।

২। মুসলিম ব্যবসায়ীর অবশ্য কর্তব্য হলো এই যে, সে সদা সর্বদা বৈধ পবিত্র রুজিরোজগার করবে প্রকৃত ইসলামের শিক্ষা সম্মত নিয়ম পন্থা অনুযায়ী। আর নিজেকে অমঙ্গল থেকে রক্ষা করার জন্য আল্লাহকে ভক্তিসহকারে ভয় করবে এবং বেশি কসম খাওয়া থেকে নিজেকে দূরে রাখবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=51101

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন